

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০১১
কাঞ্চনপুর, ০১ মার্চ, ২০২৪

রাজ্যভিত্তিক চাপচার কুট উৎসব
জম্পুইহিল ব্লকে প্রস্তুতি সভা

জম্পুইহিল বিএসি'র কনফারেন্স হলে গতকাল রাজ্যভিত্তিক চাপচার কুট উৎসব উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বিএসি'র চেয়ারম্যান বিয়াক চুংনুংগা, ভাইস চেয়ারম্যান থজেন্দ্র রিয়াং, জম্পুইহিল ব্লকের বিডিও নবারুণ চক্রবর্তী, অতিরিক্ত বিডিও কুমারদীপ সরকার, ইয়ং মিজো অ্যাসোসিয়েশনের প্রতিনিধিগণ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে, আগামী ৮ মার্চ জম্পুইহিলের ভাংমুন মাঠে রাজ্যভিত্তিক চাপচার কুট উৎসব অনুষ্ঠিত হবে। ত্রিপুরা গ্রুপ ইয়ং মিজো অ্যাসোসিয়েশনের উদ্যোগে জম্পুইহিল ব্লক এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় এই উৎসব অনুষ্ঠিত হবে। উৎসবে সাংস্কৃতিক অনুষ্ঠান ও চিরাচরিত খেলাধুলার আয়োজন করা হবে।
